ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও http://sfdf.gov.bd ওয়েবসাইটে, http://rdcd.gov.bd এবং http://sfdf.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/sfdf ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

www.prebd.com

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. **Online**-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করা যাবে অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdteletalk প্রবেশ করে মেসেজ এ যোগাযোগ করা যাবে অথবা **alljobs.query@teletalk.com.bd** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (**Mail**/মেসেজ এর **Subject**-এ **Organization Name: SFDF, Post Name, Applicant's User ID** ও **Contract number** অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা/চাকুরী বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৯। **Online**-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

ব্যবস্থাপনা পরিচালক
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

**Applicant's copy** প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা **Download** করে সংরক্ষণ করবেন। **Applicant's** কপিতে একটি **User ID** নম্বর দেয়া থাকবে এবং **User ID** নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে কোন **Teletalk prepaid mobile** নম্বরের মাধ্যমে ০২(দুই)টি **SMS** করে পরীক্ষার ফি বাবদ এবং অনলাইন ফি বা **Teletalk** এর সার্ভিস চার্জ নিম্নবর্ণিত ছক অনুযায়ী অফেরতযোগ্য টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন:

| ক্রমিক নং | পদের নাম | বেতন গ্রেড | পরীক্ষার ফি | অনলাইন ফি বা টেলিটকের সার্ভিস চার্জ | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) | ৫ | ৭০০ | ৭৮ | ৭৭৮ |
| ২. | সহকারী মহাব্যবস্থাপক (প্রোগ্রামার) | ৬ | ৬০০ | ৬৭ | ৬৬৭ |
| ৩. | উপ-ব্যবস্থাপক (হিসাব) | ৯ | ৬০০ | ৬৭ | ৬৬৭ |
| ৪. | উপজেলা ব্যবস্থাপক | ১০ | ৬০০ | ৬৭ | ৬৬৭ |
| ৫. | মাঠ কর্মকর্তা | ১৪ | ৪০০ | ৪৫ | ৪৪৫ |
| ৬. | মাঠ সংগঠক | ১৬ | ৪০০ | ৪৫ | ৪৪৫ |
| ৭. | সহকারী হিসাব রক্ষক | ১৬ | ৪০০ | ৪৫ | ৪৪৫ |

বিশেষভাবে উল্লেখ্য, **Online**-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি এবং অনলাইন ফি বা **Teletalk** এর সার্ভিস চার্জ জমা না দেওয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: **SFDF**<space>**UserID** লিখে **Send** করতে হবে **16222** নম্বরে।

**Example: SFDF ABCDEF**

Reply: Applicant's Name, Tk-778/667/445 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type SFDF<space>Yes<space>PIN and Send to 16222.

দ্বিতীয় SMS: **SFDF**<space>**Yes**<space> লিখে **Send** করতে হবে **16222** নম্বরে।

**Example: SFDF YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for SFDF Application for post Name User ID is (ABCDEF) **PIN** and Password (xxxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে http://sfdf.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে **SMS** এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে। **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়। www.prebd.com

ছ. **SMS**-এর প্রেরিত **User ID** এবং **Password** ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি সম্বলিত প্রবেশপত্র প্রার্থী **Download** পূর্বক রঙ্গিন **Print** করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত **SMS** পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ **User ID** এবং **Password** পুনরুদ্ধার করতে পারবেন।

**i. User ID** জানা থাকলে: SFDF<space>Help<space>User<space>User ID & Send to 16222 নম্বরে।

**Example: SFDF Help User ABCDEF & send to 16222**

**ii. PIN Number** জানা থাকলে: **SFDF**<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222 নম্বরে।

**Example: SFDF Help PIN 12345678 & send to 16222**

আবেদনের শর্তাবলি:

০১। ক) ০১।০১।২০২৩ তারিখে বিজ্ঞপ্তিতে উল্লিখিত ৫, ৬ ও ৭ নং ক্রমিকের পদের ক্ষেত্রে ন্যূনতম বয়সসীমা ১৮ বছর এবং ২৫।০৩।২০২০ তারিখে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের বিপরীতে প্রদত্ত সর্বোচ্চ বয়সসীমা গণনা করতে হবে;

খ) বয়স নিরূপনের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়; এবং

গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য । বিভাগীয় প্রার্থী বলতে এসএফডিএফ-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীকে বুঝাবে।

০২। প্রার্থীদেরকে চাকুরির জন্য আগামী ০৪।০১।২০২৩ তারিখ সকাল ১০:০০ টা হতে ৩।০২।২০২৩ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এসব কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় অবশ্যই জমা দিতে হবে:

ক. অনলাইনে দাখিলকৃত আবেদনের ফটোকপি, লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

খ. সদ্য তোলা ৪ (চার) কপি সত্যায়িত পাসপোর্ট আকারের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি, অভিজ্ঞতার ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র ও সর্বশেষ কর্মস্থলের কর্তৃপক্ষের নিকট থেকে বেতন-ভাতার প্রমাণক (কর্তৃপক্ষের সাথে যোগাযোগের ফোন নম্বর উল্লেখসহ), জন্মনিবন্ধন সনদপত্র/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং স্থায়ী ঠিকানার সমর্থনে নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

গ. চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি পত্র (কর্তৃপক্ষের সাথে যোগাযোগের ফোন নম্বর উল্লেখসহ) ।

০৪। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য, নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে আবেদনপত্র নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৬। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা নিয়োগ প্রদানের সিদ্ধান্ত বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮। এই নিয়োগ বিজ্ঞপ্তিটি এবং বর্ণিত নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ফাউন্ডেশনের ওয়েব সাইট (www.sfdf.gov.bd) এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট (www.rdcd.gov.bd) এ পাওয়া যাবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://sfdf.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**i. Online-**এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৪।০১।২০২৩ খ্রিঃ, সকাল: ১০:০০টা;

**ii. Online-**এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩।০২।২০২৩খ্রিঃ, বিকাল: ৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে **User ID** প্রাপ্ত প্রার্থীগণ **Online-**এ আবেদনপত্র **Submit** এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন; www.prebd.com

খ. **Online** আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ **pixel**) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ **pixel**) স্ক্যান করে নির্ধারিত স্থানে **Upload** করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ **KB** ও স্বাক্ষর সর্বোচ্চ ৬০ **KB** হতে হবে;

গ. **Online** আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু **Online-**এ আবেদনপত্র **Submit** করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন; এবং

ঘ. প্রার্থী **Online-**এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে প্রমাণক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

ঙ. SMS **প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

**Online-**এ আবেদনপত্র **(Application Form)** যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর **Upload** করে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ **Application Preview** দেখা যাবে। আবেদনপত্র **Submit** করা সম্পন্ন প্রার্থী একটি **User ID**, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি **Applicant's copy** পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত **Applicant's copy** তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতা বিষয়টি নিশ্চিত করে **PDF copy** ডাউনলোড ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত

# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন প্রতিষ্ঠান "ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন" এর স্থায়ী শূন্য পদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে ফাউন্ডেশনের নিম্নোক্ত বেতন গ্রেডে সরাসরি জনবল নিয়োগ ও প্যানেলভূক্তির লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (**http://sfdf.teletalk.com.bd** ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। :

| পদের নাম ও বেতন গ্রেড (বেতনক্রমসহ) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়সসীমা (২৫।০৩।২০২০ তারিখে) | জেলা সংরক্ষণ |
|---|---|---|---|
| ১। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি)<br>বেতন গ্রেড-৫<br>টা: ৪৩০০০-৬৯৮৫০/- | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা Computer Science and Engineering (CSE) বা Information and Communication Technology (ICT) সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থায় ৬নং গ্রেডের (৩৫৫০০-৬৭০১০) পদে বা বেসরকারি পর্যায়ে সহকারী মহাব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক সমপর্যায়ের কমপক্ষে সর্বমোট ৫৬,৫২৫.০০ (ছাপ্পান্ন হাজার পাঁচশত পঁচিশ) টাকা বেতন পদে সফটওয়্যার ডেভেলপমেন্ট (প্রোগ্রামিং ও ডাটাবেইজ) এর উপর কমপক্ষে ৫ বছরের কর্ম অভিজ্ঞতাসহ সর্বমোট ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা। সর্বোচ্চ বয়সসীমা ৪৫ বছর ।<br>অভিজ্ঞতাসম্পন্ন ও স্বীকৃত কোন কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্যকে অগ্রাধিকার প্রদান করা হবে। | - |
| ২। সহকারী মহাব্যবস্থাপক (প্রোগ্রামার)<br>বেতন গ্রেড-৬<br>টা: ৩৫৫০০-৬৭০১০/- | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা Computer Science and Engineering (CSE) বা Information and Communication Technology (ICT) সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থায় ৯নং গ্রেডের (২২০০০-৫৩০৬০) পদে বা বেসরকারি পর্যায়ে ব্যবস্থাপক/সিনিয়র উপজেলা ব্যবস্থাপক সমপর্যায়ের কমপক্ষে সর্বমোট ৩৭,১৫০.০০ (সাঁইত্রিশ হাজার একশত পঞ্চাশ) টাকা বেতন পদে ০৫ (পাঁচ) বছরের কর্মঅভিজ্ঞতা। সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর । | - |
| ৩। উপ-ব্যবস্থাপক (হিসাব)<br>বেতন গ্রেড-৯<br>টা: ২২০০০-৫৩০৬০/- | ০১ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ বছরের অভিজ্ঞতাসহ হিসাব বিজ্ঞানে সম্মানসহ মাস্টার্স অথবা হিসাব বিজ্ঞানে সম্মানসহ মাষ্টার্স এবং সিএ কোর্স সম্পন্ন (সিসি) হতে হবে । কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে । সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর ।www.prebd.com | - |
| ৪। উপজেলা ব্যবস্থাপক<br>বেতন গ্রেড-১০<br>টা: ১৬০০০-৩৮৬৪০/- | ১৭ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর/সমমান ডিগ্রী। সরকারি/বেসরকারী সংস্থার দারিদ্র্য বিমোচন/ ক্ষুদ্র ঋণ কার্যক্রম বাস্তবায়নের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর।<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসহ স্নাতক/সমমান ডিগ্রীধারী ০৩ বছরের অভিজ্ঞতা ও কম্পিউটার জ্ঞানসম্পন্ন বিভাগীয় প্রার্থীগণ আবেদন করতে পারবেন। | দিনাজপুর, রংপুর, চাঁপাইনবাবগঞ্জ,নওগাঁ, বগুড়া, পাবনা ও পটুয়াখালী জেলার নাগরিকগণের আবেদন করার প্রয়োজন নেই। তবে, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়। |
| ৫। মাঠ কর্মকর্তা<br>বেতন গ্রেড-১৪<br>টা: ১০২০০-২৪৬৮০/- | ২০ | উচ্চ মাধ্যমিক বা সমমান ডিগ্রী । সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি সংস্থায় ঋণ কার্যক্রম এবং কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে । সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর । | |
| ৬। সহকারী হিসাব রক্ষক<br>বেতন গ্রেড-১৬<br>টা: ৯৩০০-২২৪৯০/- | ০২ | বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ২য় শ্রেণি/সমমান পাসসহ কম্পিউটার পরিচালনা ও হিসাবরক্ষণ কার্যক্রমে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর । | - |
| ৭। মাঠ সংগঠক<br>বেতন গ্রেড-১৬<br>টা: ৯৩০০-২২৪৯০/- | ৭৫ | উচ্চ মাধ্যমিক বা সমমান ডিগ্রী । সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি সংস্থায় ঋণ কার্যক্রম এবং কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর।<br>বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য । | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, সিরাজগঞ্জ, সাতক্ষীরা, পটুয়াখালী ও লালমনিরহাট জেলার নাগরিকগণের আবেদন করার প্রয়োজন নেই। তবে, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়। |